

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ২৬২

৭. রাত্রে নফল নামায (كتاب صلاة الليل)

পরিচ্ছেদঃ ৩. বিতর (নামায)-এর নির্দেশ

بَابِ الْأَمْرِ بِالْوِتْرِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ أَبِي بَكْرِ بْنِ عُمَرَ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ قَالَ كُنْتُ أَسِيرُ مَعَ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ بِطَرِيقِ مَكَّةَ قَالَ سَعِيدٌ فَلَمَّا خَشِيتُ الصَّبْحَ نَزَلْتُ فَأَوْتَرْتُ ثُمَّ أَدْرَكْتُهُ فَقَالَ لِي عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ أَيْنَ كُنْتَ فَقُلْتُ لَهُ خَشِيتُ الصَّبْحَ فَنَزَلْتُ فَأَوْتَرْتُ فَقَالَ عَبْدُ اللَّهِ عَبْدُ اللَّهِ أَلْيُسَ لَكَ فِي رَسُولِ اللَّهِ أَسْوَةٌ فَقُلْتُ بَلَى وَاللَّهِ فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُوتِرُ عَلَى الْبَعِيرِ

বাংলা

রেওয়ায়ত ১৫. সাঈদ ইবন ইয়াসার (রহঃ) বলিয়াছেনঃ আমি আবদুল্লাহ ইবন উমর (রাঃ)-এর সঙ্গে মক্কার পথে ভ্রমণ করিতেছিলাম। সাঈদ (রহঃ) বর্ণনা করিলেনঃ যখন প্রভাত হওয়ার আশংকা করিলাম, তখন বিতর পড়িলাম এবং (তাড়াতাড়ি) আসিয়া তাহার সাথে একত্র হইলাম। আবদুল্লাহ্ ইবন উমর (রাঃ) জিজ্ঞাসা করিলেনঃ তুমি (এতক্ষণ) কোথায় ছিলে ? আমি (উত্তরে) তাহাকে বলিলামঃ ভোর হইতেছে আশংকা করিয়া নিচে নামিয়া বিতর পড়িয়ছি। ইহা (শুনিয়া) আবদুল্লাহ্ (রাঃ) বললেনঃ তোমার জন্য রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর (কাজের মধ্যে) আদর্শ নাই কি ? আমি বলিলামঃ আল্লাহর কসম, হ্যাঁ আছে। তিনি বলিলেনঃ (মনে রাখ) রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উটের উপর বিতর পড়িতেন।

English

Yahya related to me from Malik from Abu Bakr ibn Umar that Said ibn Yasar said, "I was travelling with Abdullah ibn Umar on the road to Makka, and fearing that it was nearly dawn. I dismounted and prayed witr. Abdullah said, 'Is there not a model for you in the Messenger of Allah, may Allah bless him and grant him peace?' I said, 'Of course, by Allah!' He said, 'The Messenger of Allah, may Allah bless him and grant him peace, used to pray witr on his



camel.' "

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন